গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
সোনাডাঙ্গা, খুলনা

# ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত খুলনা জেলার অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মোস্তাক উদ্দীন, উপপরিচালক |
| স্থান | ঃ | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা এর সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | ঃ | ০৭ ডিসেম্বর, ২০২৩ (বাংলা ২২ অগ্রহায়ণ, ১৪৩০) |
| সময় | ঃ | সকাল ১০.৩০ ঘটিকা |
| উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট-ক |

সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিজয়ের মাসে শ্রদ্ধাভরে স্মরণ করা হয় স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধে ৩০ লাখ শহীদ আর দুই লাখ মা-বোনের সম্ভ্রমহানির বিনিময়ে এ মাসেই জাতির চূড়ান্ত বিজয় অর্জিত হয়। মহান মুক্তিযুদ্ধে সকল শহিদ এর আত্মার মাগফেরাতা কামনা করেন। সভাপতি করোনা ভাইরাস ও ডেঙ্গু বিষয়ে সবাইকে সচেতন থাকা মাস্ক ব্যবহার করা, সামাজিক দুরত্ব বজায় রেখে কাজ করার পরামর্শ প্রদান করেন । অতপর সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ পারভেজ মোল্যা, সহকারী পরিচালক সভার শুরুতে গত নভেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় জেলা পর্যায়ে পরিচালিত প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সমূহের ট্রেড ভিত্তিক অগ্রগতি সংশ্লিষ্ট প্রশিক্ষকগণ ধারাবাহিকভাবে সভাকে অবহিত করেন। জেলা ও উপজেলা পর্যায়ে পরিচালিত প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ, আত্মকর্মসংস্থান ও ঋণ কার্যক্রমের অগ্রগতি এবং বিবিধ বিষয় সংশ্লিষ্ট ডেপুটি কো-অর্ডিনেটর,সিনিয়র প্রশিক্ষক/প্রশিক্ষক ও থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। যা নিম্ন ছকে সন্নিবেশিত করা হ'ল ঃ

** যুব প্রশিক্ষণ,ঋণ, যুব সংগঠন, প্রশাসনিক সমস্যা, আত্মকর্মসংস্থান এবং অন্যান্য কার্যাবলীঃ

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td></tr>
<tr><td colspan="2">যুব প্রশিক্ষণ ঃ<br><br>জেলা কার্যালয়</td><td>১। জনাব মোঃ আবুল কালাম, সিনিয়র প্রশিক্ষক(মডার্ন অফিস) সভাকে জানান,চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে নতুন করে ৯ টি ট্রেডে প্রশিক্ষণ ভর্তি বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। যা জেলা কার্যালয়ের ওয়েবপোর্টাল সহ সকল নোটিশ বোর্ডে প্রকাশ করা হয়েছে । আবেদন প্রাপ্তির ভর্তি কমিটি কর্তৃক পরবর্তি কার্যক্রম গ্রহণ করা হবে।<br>২। জনাব এস,এম বদিউজ্জামান,সহকারী পরিচালক (প্রশিক্ষণ) সভাকে জানান,২০২৩-২৪ অর্থবছরের প্রশিক্ষণ বর্ষপুঞ্জি/লক্ষ্যমাত্রা অনুযায়ী নভেম্বর-২৩ পর্যন্ত প্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে:
<table>
<tr><th>ট্রেডের নাম</th><th>ব্যাচ</th><th>জন</th></tr>
<tr><td>মৎস্য চাষ</td><td>৩ টি</td><td>৭৫</td></tr>
<tr><td>পোষাক তৈরী</td><td>১ টি</td><td>২৫</td></tr>
<tr><td>ব্লক ও বাটিক</td><td>১ টি</td><td>২৫</td></tr>
<tr><td>ফ্রিল্যান্সিং</td><td>১ টি</td><td>২৫</td></tr>
<tr><td>মোবাইল সার্ভিসিং</td><td>১ টি</td><td>২০</td></tr>
<tr><td>উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ</td><td>১ টি</td><td>৩০</td></tr>
<tr><td>বিউটিফিকেশন প্রশিক্ষণ</td><td>১ টি</td><td>২৫</td></tr>
<tr><td>ওয়েল্ডিং প্রশিক্ষণ</td><td>১ টি</td><td>২০</td></tr>
</table>
এবং অপ্রাতিষ্ঠানিক ট্রেডে ০২ টি মেট্রো থানা ও ০৯ টি উপজেলায় নভেম্বর-২৩ পর্যন্ত লক্ষ্যমাত্রা ৬৮ টি ব্যচে ২০৪০ জনের বিপরিতে ৭১ টি ব্যাচে মোট ২১৩০ জনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করা হচ্ছে এবং যথাসময়ে প্রশিক্ষণের যাতায়াত ভাতা ও সনদপত্র প্রদান করা হবে। একইসাথে ডিসেম্বর/২০২৩ মাসের মধ্যে জনসচেতনতামূলক সভা অনুষ্ঠান সম্পন্ন করে প্রতিবেদন জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে।</td><td>১। ২০২৩-২০২৪ অর্থবছরে নতুন করে ৯ টি ট্রেডে প্রশিক্ষণ ভর্তি বিজ্ঞপ্তি জারী করা হয়েছে । সে অনুযায়ী সিনিয়র প্রশিক্ষক/প্রশিক্ষক ও থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা গণকে ভর্তি কার্যক্রমে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। প্রধান কার্যালয়ের নির্দেশনার আলোকে ভর্তি ফি যথা নিয়মে সরকারী কোষাগারে নিয়মিত জমা প্রদান করতে হবে। প্রশিক্ষণ চলাকালীন সকল প্রশিক্ষণার্থীর হাজিরা নিশ্চিত করতে হবে। সকল ট্রেডের সনদপত্র প্রধান কার্যালয়ের নির্দেশনা মাফিক প্রেরণ ও বিতরণ করতে হবে। কার্যালয়ের সকল ট্রেড প্রধানকে সিলেবাস অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীর তথ্য উপজেলা কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। একই সাথে প্রধান কার্যালয়ের স্মারক নং-৫২১ ও ৫২২ তারিখ ০৭/০৯/২০২৩ মোতাবেক "প্রাতিষ্ঠানিক ট্রেডের চুড়ান্ত পরীক্ষা আয়োজন,মনিটরিং ও মূল্যায়ন সংক্রান্ত কমিটি গঠন" আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>২। উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জেলা কার্যালয়ের অনুমোদন স্বাপেক্ষে সিডিউল অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ পরিচালনা যথাসময়ে প্রশিক্ষণের যাতায়াত ভাতা ও সনদপত্র প্রদান নিমিত্ত মনিটরিং করার জন্য সহকারী পরিচালক(প্রশিক্ষণ) কে অনুরোধ করা হয়।</td><td>সহঃপরিচালক(প্রশিক্ষণ)/ সিনিয়র প্রশিক্ষক/ প্রশিক্ষক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td></tr>
</table>

<table>
<tr>
<td>যুব প্রশিক্ষণ কেন্দ্র,খুলনা</td>
<td>যুব প্রশিক্ষণ কেন্দ্র,খুলনা এর ডেপুটি কো-অর্ডিনেটর জনাব এইচ এম নুরুজ্জামান সভায় জানান চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের তিনমাস মেয়াদী-১ টি ও ১ মাস মেয়াদী একটি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। আগামী ডিসেম্বর-২৩ মাস হতে ০৩ মাস মেয়াদী(আবাসিক) "গবাদী পশু,হাঁস-মুরগী পালন,প্রাথমিক চিকিৎসা,মৎস্য চাষ ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণ কোর্সে এ ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণার্থী ভর্তির বিষয়ে সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের সহযোগীতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।</td>
<td>সিলেবাস অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীর তথ্য উপজেলা কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।<br>একই সাথে প্রধান কার্যালয়ের স্মারক নং-৫২১ ও ৫২২ তারিখ ০৭/০৯/২০২৩ মোতাবেক "প্রাতিষ্ঠানিক ট্রেডের চূড়ান্ত পরীক্ষা আয়োজন,মনিটরিং ও মূল্যায়ন সংক্রান্ত কমিটি গঠন" আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ঠ সকলকে অনুরোধ করা হয়।</td>
<td>ডেপুটি কো-অর্ডিনেটর,খুলনা</td>
</tr>
<tr>
<td>ঋণ কার্যক্রম ঃ</td>
<td>১। জেলাধীন ১১টি থানা/উপজেলা কার্যালয়ের মাধ্যমে চলতি অর্থবছরে (নভেম্বর-২৩) টার্গেট অনুযায়ী ঋণ বিতরণ ও চলমান আদায় এর সংক্ষিপ্ত তথ্য চিত্র নিম্নরুপঃ
<table>
<tr><th rowspan="2">উপজেলার নাম</th><th colspan="2">ঋণ বিতরণ</th><th rowspan="2">চলমান আদায় হার</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th></tr>
<tr><td>সদর থানা</td><td>৯৩</td><td>২৯</td><td>১০০</td></tr>
<tr><td>খালিশপুর থানা</td><td>৯৩</td><td>৩১</td><td>৯৯</td></tr>
<tr><td>রূপসা</td><td>১২৩</td><td>২৩</td><td>৯৯</td></tr>
<tr><td>দাকোপ</td><td>৬১</td><td>৯</td><td>৪৮</td></tr>
<tr><td>ডুমুরিয়া</td><td>১২৩</td><td>১৮</td><td>৯৬</td></tr>
<tr><td>বটিয়াঘাটা</td><td>১২৩</td><td>১৭</td><td>৯০</td></tr>
<tr><td>ফুলতলা</td><td>১২৩</td><td>৮৩</td><td>৯৪</td></tr>
<tr><td>দিঘলিয়া</td><td>৯২</td><td>১১</td><td>৯৫</td></tr>
<tr><td>তেরখাদা</td><td>১২৩</td><td>২৩</td><td>১০০</td></tr>
<tr><td>কয়রা</td><td>৬১</td><td>১৮</td><td>৯৮</td></tr>
<tr><td>পাইকগাছা</td><td>১২৩</td><td>২৪</td><td>৮৪</td></tr>
</table>
চলমান আদায় শতভাগ করা, কিস্তি খেলাপী, ঋণ খেলাপী আদায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। করোনা কালীন সময় ঋণ আদায় ব্যহত হওয়ায় প্রায় সকল উপজেলায় কিস্তি খেলাপী ঋণ খেলাপীতে পরিণত হয়েছে।<br>২। পরিবার ভিত্তিক কর্মসূচির ঋণ সংক্রান্ত আলোচনা করা হয়। চলতি অর্থবছরে ডিসেম্বর-২০২৩ এর মধ্যে কেন্দ্র গঠন সম্পন্ন করতে হবে। উপজেলায় কেন্দ্র গঠনের নির্দেশনা অনুযায়ী যথাসময়ে কেন্দ্র জরীপ সম্পন্ন করে কেন্দ্র গঠনের আলোচনা করা হয়।<br>৩। ঋণের ডাটাবেজ সফটওয়ারে হালনাগাদ তথ্য পূরণ সংক্রান্ত আলোচনাঃ সভায় নভেম্বর-২৩ মাসে আগত উপজেলা ঋণ প্রতিবেদন এর সাথে ঋণের ডাটাবেজ এ মিল/অমিল সংক্রান্ত তথ্য উপস্থাপন করা হয়। সদর ইউনিট থানা ও ডুমুরিয়া উপজেলা বাদে বাকি সকল কার্যালয়ের তথ্য পূরণে গরমিল দেখা যায়।<br>৪। কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্পের ঋণ সংক্রান্ত আলোচনা।</td>
<td>১। লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল উপজেলা হতে ঋণ বিতরণ সম্পন্ন করবেন। অপ্রাতিষ্ঠানিক ঋণ অনুমোদন সভার কার্যবিবরণীর কপি জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। সদর ইউনিট থানা,ও তেরখাদা উপজেলায় চলমান আদায় শতভাগ হওয়ায় উপজেলার সকল টিমকে সভার পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। চলতি অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ধারবাহিকভাবে ঋণ বিতরণ ও বিগত বছরের সমূদয় কিস্তি খেলাপী আদায় সহ চলমান আদায় ১০০% উন্নীত করতে জোর তাগাদা প্রদান করা হয়। স্ব-স্ব উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরও দায়িত্বশীল ভুমিকা পালনের জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। কোন মতেই চলমান ঋণের কিস্তি খেলাপী করা যাবেনা মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। চলতি অর্থবছরে ডিসেম্বর-২০২৩ এর মধ্যে উপজেলায় কেন্দ্র গঠনের নির্দেশনা অনুযায়ী যথাসময়ে কেন্দ্র জরীপ সম্পন্ন করে কেন্দ্র গঠনের জন্য সংশ্লিষ্ঠ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের অনুরোধ করা হলো। একইসাথে কোন মতেই চলমান ঋণের কিস্তি খেলাপী করা যাবেনা মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। আগামী ৩১ ডিসেম্বর-২৩ মাসের মধ্যে ঋণের ডাটাবেজ হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।<br>৪। খুলনা জেলার আওতাধীন ০২ টি মেট্রো থানা ও ০৯ উপজেলায় কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্পের সমূদয় ঋণ শতভাগ আদায় হওয়ায় সকলকে সভার মাধ্যমে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। বর্তমানে এ প্রকল্পে খুলনা জেলায় কোন অনাদায়ী নাই।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল)</td>
</tr>
<tr>
<td>যুব সংগঠন ঃ</td>
<td>লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল উপজেলাকে সংগঠন নিবন্ধন করা বিষয়ে আলোচনা ।</td>
<td>লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতিটি উপজেলাকে নূন্যতম ০২ টি সংগঠন নিবন্ধন করতে নির্দেশনা প্রদান করা হয়। চলতি অর্থবছরে নভেম্বর-২৩ পর্যন্ত এ জেলায় ০৫ টি বেসরকারী যুব সংগঠনকে নিবন্ধন প্রদান করা হয়েছে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল)</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| প্রশাসনিক ঃ | কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন, প্রস্থান ও ৯.৪০ মিঃ পর্যন্ত অফিস কক্ষে অবস্থান নিশ্চিত করণের বিষয়ে ও শূণ্যপদ নিয়ে আলোচনা হয়। | কর্মকর্তা-কর্মচারীদের অফিসে নিয়মিত যথাসময়ে উপস্থিত, প্রস্থান এবং সকাল ৯.০০ থেকে ৯.৪০ মিঃ পর্যন্ত অফিস কক্ষে অবস্থান করতে হবে। নিয়ন্ত্রণকারীর পূর্ব অনুমোদন/অনুমতি ছাড়া অফিস ত্যাগ করা যাবেনা। কোন ক্রমেই নিয়ন্ত্রণকারীর অনুমোদন/অনুমতি ছাড়া প্রধান কার্যালয়ে গমন করা যাবেনা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। কয়রা উপজেলায় ০২ জন এবং দাকোপ,রূপসা ও দিঘলিয়া উপজেলায় ০১ জন সহকারী উপজেলা যুব কর্মকর্তার পদ শূণ্য রযেছে। এছাড়াও কয়রা উপজেলা ক্যাশিয়ার পদ শূণ্য রয়েছে । উক্ত তিনটি উপজেলায় সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা উপজেলায় ক্যাশিয়ার ও অফিস সহায়ক এবং জেলা কার্যালয়ে নৈশপ্রহরী পদায়ন দেওয়ার জন্য সভার মাধ্যমে প্রধান কার্যালয়কে পুনরায় অনুরোধ করা হয়। | প্রধান কার্যালয়/জেলা কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় |
| আত্মকর্মসংস্থান ঃ | প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুবনারীদেরকে আত্মকর্মসংস্থানে নিয়ুক্ত হতে উদ্বুদ্ধ করা সংক্রান্ত আলোচনা হয়। আত্মকর্ম প্রতিবেদন ফরম নতুন করে প্রধান কার্যালয় হতে সরবরাহ করা হয়েছে। | প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুবনারীদেরকে আত্মকর্মসংস্থানে নিয়ুক্ত হতে উদ্বুদ্ধ করতে জেলা ও উপজেলার কর্মকর্তাদের পরামর্শ প্রদানসহ উক্ত প্রতিবেদন নতুন ফরমে যথাসময়ে জেলায় প্রেরণ করতে হবে এবং আত্মকর্ম রেজিষ্টার এ সঠিক তথ্যসহ হালনাগাদ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র প্রশিক্ষক/ প্রশিক্ষক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| এপিএ ঃ | ২০২৩-২৪ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর ও এর লক্ষ্যমাত্রা বিষয়ে আলোচনা করা হয় | ২০২৩-২৪ অর্থবছরের খুলনা জেলার আওতাধীন ১১ টি থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের সাথে উপপরিচালক,খুলনা মহোদয়ের এপিএ চুক্তি স্বাক্ষর হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নে সকলকে জোর তাগাদা প্রদান করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল) |
| শুদ্ধাচার ঃ | জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত আলোচনা করা হয় | জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তাবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সিনিয়র প্রঃ/ প্রঃ ও উপঃ যুব উঃ কঃ |
| তথ্য বাতায়ন ঃ | তথ্য বাতায়ন হালনাগাদ করা সংক্রান্ত আলোচনা। | তথ্য বাতায়নে নিয়মিত ভাবে দপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদসহ, সকল বিজ্ঞপ্তি, নোটিশ, অফিস আদেশ এবং জেলা উপজেলার সকল কর্মকর্তাদের এন ও সি আপলোড করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| বিবিধ আলোচনা | ১. শেখ হাসিনা ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪ ও যুব কল্যাণ তহবিল এ আবেদন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।<br>২.প্রতিবেদন সম্পর্কে আলোচনা করা হয়। | ১। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নং-১২৫ তারিখঃ ২৬/১১/২০২৩ এর নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণের জন্য সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।<br>২। উপজেলা যুব উন্নয়ন কমিটি ও বেসরকারী যুব সংগঠনের সাথে ত্রৈমাসিক সভার কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার জন্য বলা হয়।<br>৩। নির্ধারিত সময়ের মধ্যে সকল উপজেলা হতে প্রতিবেদন প্রেরণ করতে খুলনা জেলাধীন সকল উপজেলা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।<br>৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ মাসের অগ্রিম ভ্রমণসূচি জেলা কার্যালয় হতে অনুমোদন গ্রহণ করবেন। | সহকারী পরিচালক/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

০৭/১২/২৩

(মোঃ মোস্তাক উদ্দীন)
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা
E-mail: ddkhulna@dyd.gov.bd
ফোনঃ ০২-৪৪১১০৯৪৭।

নং - ৩৪.০১.৪৭০০.০০০.০৬.০০২.২০১৩- ৪৪৬

তারিখ ঃ ২২ অগ্রহায়ণ, ১৪৩০
০৭ ডিসেম্বর,২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'লঃ

০১। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

০২। পরিচালক (বাস্তবায়ন/দারিদ্র বিমোচন ও ঋণ/প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

০৩। ডেপুটি কো -অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা

০৪। সকল প্রশিক্ষণ ট্রেড প্রধানগণ.................................................., জেলা কার্যালয়, খুলনা

০৫। উপজেলা/ থানা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর/ খালিশপুর/ রূপসা /দাকোপ/ ডুমুরিয়া/ বটিয়াঘাটা/ ফুলতলা/দিঘলিয়া/তেরখাদা/কয়রা/পাইকগাছা, খুলনা

০৬। অফিস নথি/ মাষ্টার ফাইল।

(মোঃ পারভেজ মোল্যা)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা
ফোন: ০২-৪৭৭৭২৬৯৪৯।

০৭/১২/২৩

'পরিশিষ্ট - 'ক'(স্বাক্ষরের ক্রমানুসারে )

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ পারভেজ মোল্যা, সহকারী পরিচালক-(প্রশাসন ও ঋণ),যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা | ০৭/১২/২৩ |
| ০২ | জনাব এস,এম,বদিউজ্জামান, সহকারী পরিচালক-(প্রশিক্ষণ) ,যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা | ,, |
| ০৩ | জনাব মোঃ খায়রুল ইসলাম,সিডিও, যুব প্রশিক্ষণ কেন্দ্র ,খুলনা | ,, |
| ০৪ | জনাব মোঃ আবুল কালাম,সিনিয়র প্রশিক্ষক(মডার্ন),যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা | ,, |
| ০৫ | জনাব মোঃ আবু বকর মোল্লা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বটিয়াঘাটা,খুলনা | ,, |
| ০৬ | জনাব মোঃ ওবায়েদুল হক হাওলাদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলতলা,খুলনা | ,, |
| ০৭ | জনাব এস,এম,কামরুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | ,, |
| ০৮ | জনাব আমজাদ হোসেন সরদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দাকোপ, খুলনা | ,, |
| ০৯ | জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কয়রা,খুলনা | ,, |
| ১০ | জনাব সেখ মাহবুর রহমান, থানা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর ইউনিট, খুলনা | ,, |
| ১১ | জনাব মোঃ মাহফুজুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা | " |
| ১২ | জনাব যাদব চন্দ্র রায়, থানা যুব উন্নয়ন কর্মকর্তা, খালিশপুর ইউনিট থানা, খুলনা | ,, |
| ১৩ | জনাব শেখ বজলুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রুপসা, খুলনা | " |
| ১৪ | জনাব পারভীন আক্তার বানু, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাইকগাছা, খুলনা | ,, |
| ১৫ | জনাব অমিতাভ বিশ্বাস, প্রশিক্ষক (মৎস্য) যুব উন্নয়ন অধিদপ্তর ,খুলনা | " |
| ১৬ | জনাব বেবী রানী সাহা, প্রশিক্ষক (পোষাক) যুব উন্নয়ন অধিদপ্তর ,খুলনা | ,, |
| ১৭ | জনাব নাজমা বেগম, প্রশিক্ষক(ইলেকট্রনিক্স) যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | " |
| ১৮ | জনাব দেবাশীষ কর্মকার, প্রশিক্ষক(কম্পিউটার) যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | ,, |
| ১৯ | জনাব প্রদীপ কুমার দাস, প্রশিক্ষক (ইলেকট্রিকীল) যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | " |
| ২০ | জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী প্রশিক্ষক(আর,এ,সি), যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | ,, |
| ২১ | জনাব মাছুমা সুলতানা, ডাটা এন্ট্রি অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | " |
| ২২ | লাভলী পারভীন, উচ্চমান সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | ,, |